# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ বেলায়াত, আওলিয়া ও ইলম বিষয়ক

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২১. আমার উম্মতের আলিমগণ বনী ইসরাঈলের নবীগণের মত

আলিম ও ধার্মিকদের মধ্যে বহুল প্রচলিত একটি বাক্য:

عُلَمَاءُ أُمَّتِي كَأَنْبِيَاء بَنِيْ إِسْرَائِيْلَ

“আমার উম্মতের আলিমগণ বনী ইসরাঈলের নবীগণের মত।”

মুহাদ্দিসগণ একমত যে, এ বাক্যটি রাসূলুল্লাহ (ﷺ)-এর কথা নয়, বরং তাঁর নামে প্রচালিত একটি ভিত্তিহীন, সনদহীন মিথ্যা, বানোয়াট ও জাল কথা।[1] অনেক ওয়ায়িয এ মিথ্যা হাদীসকে কেন্দ্র করে বানোয়াট গল্প বলেন যে, মূসা (আঃ)-এর সাথে নাকি রাসূলুল্লাহ ﷺ-এর এ নিয়ে বিতর্ক হয়েছিল! নাউযু বিল্লাহ! কি জঘন্য বানোয়াট কথা!!

এখানে উল্লেখ্য যে, আলিমদের ফযীলতে বর্ণিত একটি হাসান হাদীস:

اَلْعُلَمَاءُ وَرَثَةُ الأَنْبِيَاءِ

“আলিমগণ নবীদের উত্তরাধিকারী।”

তিরমিযী, আবূ দাউদ, ইবনু মাজাহ প্রমুখ মুহাদ্দিস হাদীসটি সকংলন করেছেন। আমাদের উচিত বানোয়াট কথা রাসূলুল্লাহ (ﷺ)-এর নামে বলে গোনাহগার না হয়ে এ সকল গ্রহণযোগ্য হাদীস আলোচনা করা।

## ফুটনোট

[1] সাখাবী, আল-মাকাসিদ, ২৯৩পৃ; মোল্লা কারী, আল আসরার, ১৫৯পৃ, আল-মাসনূ ১৯৬পৃ; যারকানী, মুখতাসারুল মাকাসিদ ৬৫২ পৃ, শাওকানী, আল-ফাওয়াইদ ২/৩৬৮।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4882

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন